গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জন এর কার্যালয়
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
জনসংখ্যা ভবন, আজিমপুর, ঢাকা-১২০৫
E-mail: dhaka@cs.dghs.gov.bd Visit: https://cs.dhaka.gov.bd

স্মারক নং- সিএস/ঢাকা/প্রশাসন/৩য় শ্রেণীর জনবল নিয়োগ/২০২৪/১৮৩৮ তারিখঃ ১৮/০২/২০২৪ ইং

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং-৪৫.১৩৭.০১১.০১.০০.০০৬.২০১৪ (অংশ-১)-২২, তাং-০৩ জানুয়ারি ২০২৪ ইং মূলে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক সিভিল সার্জন এর কার্যালয়, ঢাকা ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে স্থায়ী রাজস্ব খাতের অন্তর্ভুক্ত ১৪ হতে ১৬ গ্রেড এর (পূর্বতন ৩য় শ্রেণী) নিম্নলিখিত পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে http://csdhaka.teletalk.com.bd ওয়েব সাইটে অনলাইন (Online) এ দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না ।

| ক্রমঃ | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০১ টি | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী ।<br>খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ;<br>ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ এবং বাংলায় ২৫ শব্দ।<br>ঙ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার অভিজ্ঞতা ও দক্ষতা থাকতে হবে। | (০১) সকল পদের ক্ষেত্রে শুধুমাত্র ঢাকা জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। তবে স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড/ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডে উপর্যুক্ত প্রার্থী না পাওয়া গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড হতে নির্বাচন করা হবে।<br>(০২) স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা সিভিল সার্জন অফিস, ঢাকা ও ঢাকা জেলার সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে এবং ঢাকা জেলার সকল উপজেলা পরিষদ এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে। |
| ০২ | পরিসংখ্যানবিদ | ০২ টি | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গণিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী থাকতে হবে।<br>খ) কম্পিউটার ব্যবহারের অভিজ্ঞতা ও দক্ষতা থাকতে হবে। | |
| ০৩ | কীটতত্ত্বীয় টেকনিশিয়ান | ০১ টি | গ্রেড-১৫ ( ৯৭০০-২৩৪৯০/-) | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে জীববিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | |
| ০৪ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩ টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং এ অভিজ্ঞতা ও দক্ষতা থাকতে হবে।<br>গ) টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দের গতি থাকতে হবে। | |
| ০৫ | স্বাস্থ্য সহকারী | ৬৮ টি | গ্রেড-১৬ (৯৩০০- ২২৪৯০/-) | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | |

আবেদনের শর্ত ও নির্দেশনাবলীঃ

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং ঢাকা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
৩। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান বা নাতী/নাতনি/প্রতিবন্ধী ব্যতীত সকল আবেদনকারীর বয়স ১৮ মার্চ ২০২৪ ইং তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) বছর এবং সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান বা নাতী/নাতনি/প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। উল্লেখ্য যে, বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
৪। সকল প্রার্থীর আবেদন শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র, লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।
৫। একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না।

৬। স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃপ্রশা-২/৩য় শ্রেণী নিয়োগ-৪/২০১৮/৬৩৫৪, তারিখ-১১/১২/২০১৮ ইং তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী যারা পূর্বে স্বাস্থ্য সহকারী পদে আবেদন করেছেন তাদের আর পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তাদের আবেদন সঠিক থাকলে গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে এবং তাদের বয়স পূর্বের বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী গণনাযোগ্য হবে। তারা বর্তমানে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মূলে উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন এবং যোগ্য প্রার্থীদের উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে।

৭। যারা স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃপ্রশা-২/৩য় শ্রেণী নিয়োগ-৪/২০১৮/৬৩৫৪, তারিখ-১১/১২/২০১৮ ইং তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করেছিলেন তাদের প্রবেশপত্র ডাউনলোডের ক্ষেত্রে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ০৩ (তিন) দিন পূর্বে অবশ্যই প্রবেশপত্র ডাউনলোড করতে হবে। অন্যথায় প্রবেশপত্র ডাউনলোড করার আর কোন অপশন থাকবেনা। উল্লেখ্য যে, প্রবেশপত্র ডাউনলোডের ক্ষেত্রে যদি বিজ্ঞপ্তিতে চাহিত ছবি এবং স্বাক্ষর যথাযথ এবং স্পষ্ট না হয় তবে প্রযোজ্য ক্ষেত্রে পুনরায় ছবি এবং স্বাক্ষর আপলোড করতঃ প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। উক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮। সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, পরিসংখ্যানবিদ, কীটতত্ত্বীয় টেকনিশিয়ান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, স্বাস্থ্য সহকারী পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী নিয়োগবিধি মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হবেন।

৯। আবেদনকারীকে তার সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

১০। সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে সরকারি বিধি বিধান অনুসরণ পূর্বক অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরিরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ (NOC) এর মূল কপি জমা দিতে হবে।

১১। নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি বিধান প্রতিপালিত হবে।

১২। স্বাস্থ্য সহকারী পদের (ক্রমিক নং-০৫) ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের (পুরাতন) জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণও আবেদন করতে পারবেন (এ ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের বাসিন্দা সে ওয়ার্ড অবশ্যই আবেদনপত্রে উল্লেখ করতে হবে)। তবে সংশ্লিষ্ট শুন্য পদের ওয়ার্ডের বাসিন্দাকে যোগ্য প্রার্থী হিসেবে পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হিসাবে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে অন্য ওয়ার্ডের যোগ্য প্রার্থীদের বিবেচনা করা হবে।

১৩। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent address) যদি ইতঃপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার পক্ষে জাতীয় পরিচয় পত্র (NID) ও সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

১৪। স্বাস্থ্য সহকারীর শুন্য পদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিক) সিভিল সার্জন অফিস ঢাকা এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে পাওয়া যাবে এবং ঢাকা জেলার সকল উপজেলা পরিষদ এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

১৫। প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পুরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীর প্রার্থীতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৭। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী ও সময়সীমা নিম্নরূপঃ-

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ (http://csdhaka.teletalk.com.bd) ওয়েব সাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। ওয়েব সাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক ফরম পুরণ করতে হবে।

(খ) অনলাইন (Online) এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২০ ফেব্রুয়ারি ২০২৪ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকা।

(গ) অনলাইন (Online) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৮ মার্চ ২০২৪ ইং তারিখ বিকাল ০৫.০০ ঘটিকা।

(ঘ) উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইন (Online) এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১৮। Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

১৯। অনলাইন (Online) আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু অনলাইন Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

২০। প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

২১। SMS প্রেরণের নিয়মাবলী ও পীক্ষার ফি প্রদানঃ

Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পুরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ০১ হতে ০৫ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকা সহ সর্বমোট (অফেরতযোগ্য) ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online আবেদনপত্রে সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এর আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS:

CSDHAKA <space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CSDHAKA ABCDEF Send to 16222.
Reply: Applicant's Name, Tk. 223/- will be charged as application fee. Your PIN is-XXXXXXXX.
To pay fee Type CSDHAKA <space> Yes <space> PIN and send to 16222 নম্বরে।

দ্বিতীয় SMS :

CSDHAKA <space> YES <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CSDHAKA YES 12345678.
Reply SMS: Congratulations! Applicant's Name, payment completed successfully for CSDHAKA Application for (post name) User ID is (ABCDEF) and Password (XXXXXXXX.)

২২। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://csdhaka.teletalk.com.bd অথবা https://cs.dhaka.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

২৩। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

২৪। শুধুমাত্র Teletalk প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(ক) User ID জানা থাকলে:

CSDHAKA <space> HELP < space > USER <space> User ID & send to 16222..

Example: CSDHAKA HELP USER ABCDEF

(খ) PIN Number জানা থাকলে

CSDHAKA <space> HELP <space> PIN <space> PIN Number & send to 16222.

Example: CSDHAKA HELP PIN 12345678

২৫। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও আইএমই বিভাগের ওয়েবসাইট www.cs.dhaka.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদ সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। QR Code স্ক্যানের মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.cs.dhaka.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

২৬। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা dhaka@cs.dghs.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ http://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/ মেসেজ এর subject-এ Organization Name: CSDHAKA. Post Name: ****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

২৭। ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২৮। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৯। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে।কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং একসেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারি ১ম শ্রেণীর কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখসহ সীলমোহর) কর্তৃক সম্পাদিত হতে হবে।

ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূলসনদ/সাময়িক সনদ/প্রত্যয়নপত্র, অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি।

খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদপত্র।

গ) চাকুরীর আবেদন ফরমে উল্লেখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা ও সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ড উল্লেখ করতঃ) জাতীয়তা ইত্যাদি সনদপত্র ।

ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থিদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী সনদপত্র/প্রমাণক। মুক্তিযোদ্ধার সন্তান, সন্তানের সন্তান, কোটার আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সহিত সম্পর্ক বিষয়ে মেয়র/ ওয়ার্ড কমিশনার/ইউপি চেয়ারম্যানের সনদ থাকতে হবে।

চ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৩১/০৮/২০২৩ খ্রি: তারিখের ৪৮.০০.০০০০.০০২.৯৯.০০৪.১৮.১৯ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান বা নাতী/নাতনি হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) প্রকাশিত সমন্বিত তালিকা ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ওয়েবসাইটে (https://bffwt.gov.bd) বিদ্যমান টিএমআইএস এ প্রকাশিত নামই বৈধ/স্বীকৃত মুক্তিযোদ্ধা হিসেবে বিবেচিত হবে। এক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ ৩০ মে ১৯৫৯ অর্থাৎ ১৯৭১ সালের ৩০ নভেম্বর তারিখে ১২ বছর ০৬ মাস কিংবা তার পূর্বে হতে হবে।

(ছ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান বা নাতী/নাতনি হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে:

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | যে তালিকা বা গেজেটে বীর মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ | প্রার্থীর সহিত বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক (বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং নাতী/নাতনির ক্ষেত্রে ছেলে/মেয়ের পক্ষ উল্লেখ করতে হবে।) | বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | ১। জন্মনিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ:<br>২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ:<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ:<br>৪। জন্মনিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র অনুযায়ী জন্ম তারিখ: | |

জ) ক্ষুদ্র ও নৃ-গোষ্ঠী (উপজাতি) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ইস্যুকৃত সনদপত্র।
ঝ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধী সম্পর্কিত সনদপত্র ।
ঞ) এতিম প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র।
ট) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য (নূন্যতম ২১ দিনের প্রশিক্ষণ যা ৩০/০৬/২০২৩ ইং এর পূর্বে সম্পন্ন) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য মর্মে আনসার ও ভিডিপির জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র।
ঠ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণক।
ড) Download কৃত Applicant's Copy & Admit Card এর সত্যায়িত কপি ।

৩০। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেওয়া হবে না।

৩১। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে। এছাড়া নিয়োগের পূর্বে ডোপটেস্ট করা হবে। ডোপটেস্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৩২। যেকোন তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিস্ট্রেশন সম্পন্ন করার পরামর্শ দেওয়া যাচ্ছে।

১৮.২.২০২৪

(ডাঃ আবুল ফজল মোঃ সাহাবুদ্দিন খান)
সিভিল সার্জন, ঢাকা
ও সদস্য সচিব
১১-২০ গ্রেডের জনবল নিয়োগ কমিটি
ফোনঃ ৫৫১৫৫১১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জন এর কার্যালয়
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
জনসংখ্যা ভবন, আজিমপুর, ঢাকা-১২০৫
E-mail: dhaka@cs.dghs.gov.bd Visit: https://cs.dhaka.gov.bd

স্মারক নং- সিএস/ঢাকা/প্রশাসন/৩য় শ্রেণীর জনবল নিয়োগ/২০২৪/৫৩৫ তারিখঃ ১৮ ফেব্রুয়ারী ২০২৪ ইং

# বিজ্ঞপ্তি

সিভিল সার্জন এর কার্যালয়, ঢাকা ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে সরাসরি নিয়োগযোগ্য স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা উপজেলা, ইউনিয়ন এবং ওয়ার্ড নং (পুরাতন ওয়ার্ড) ভিত্তিক নিম্নে প্রদত্ত হলো:-

| ক্রম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং (পুরাতন ওয়ার্ড) | শূন্য পদ | উপ-মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ধামরাই | চৌহাট | ১ | ১ | ২৭ | |
| ০২ | | আমতা | ১ | ১ | | |
| ০৩ | | বালিয়া | ১ | ১ | | |
| ০৪ | | বালিয়া | ২ | ১ | | |
| ০৫ | | যাদবপুর | ১ | ১ | | |
| ০৬ | | যাদবপুর | ২ | ১ | | |
| ০৭ | | বাইশাকান্দা | ১ | ১ | | |
| ০৮ | | কুশুরা | ১ | ১ | | |
| ০৯ | | কুশুরা | ৩ | ১ | | |
| ১০ | | গাংগুটিয়া | ২ | ১ | | |
| ১১ | | গাংগুটিয়া | ৩ | ১ | | |
| ১২ | | সানোড়া | ৩ | ১ | | |
| ১৩ | | সূতিপাড়া | ২ | ১ | | |
| ১৪ | | সূতিপাড়া | ৩ | ১ | | |
| ১৫ | | সোমভাগ | ১ | ১ | | |
| ১৬ | | ভাড়ারিয়া | ১ | ১ | | |
| ১৭ | | ভাড়ারিয়া | ৩ | ১ | | |
| ১৮ | | ধামরাই | ২ | ১ | | |
| ১৯ | | ধামরাই | ২ | ১ | | |
| ২০ | | কুল্লা | ১ | ১ | | |
| ২১ | | কুল্লা | ২ | ১ | | |
| ২২ | | সূয়াপুর | ১ | ১ | | |
| ২৩ | | সূয়াপুর | ৩ | ১ | | |
| ২৪ | | রোয়াইল | ১ | ১ | | |
| ২৫ | | নান্নার | ১ | ১ | | |
| ২৬ | | নান্নার | ২ | ১ | | |
| ২৭ | | নান্নার | ৩ | ১ | | |

| ক্রম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং (পুরাতন ওয়ার্ড) | শূন্য পদ | উপ-মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | দোহার | কুশুমহাটি | ২ | ১ | ০৮ | |
| ০২ | | রায়পাড়া | ৩ | ১ | | |
| ০৩ | | সুতারপাড়া | ৩ | ১ | | |
| ০৪ | | নারিশা | ৩ | ১ | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৫ | | জয়পাড়া | ১ | ১ | | |
| ০৬ | | জয়পাড়া | ২ | ১ | | |
| ০৭ | | জয়পাড়া | ৩ | ১ | | |
| ০৮ | | বিলাসপুর | ২ | ১ | | |

| ক্রম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং (পুরাতন ওয়ার্ড) | শূন্য পদ | উপ-মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | সাভার | সাভার | ১ | ১ | ০৩ | |
| ০২ | | তেঁতুলঝড়া | ৩ | ১ | | |
| ০৩ | | বিরুলিয়া | ১ | ১ | | |

| ক্রম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং (পুরাতন ওয়ার্ড) | শূন্য পদ | উপ-মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | কেরাণীগঞ্জ | জিনজিরা | ২ | ১ | ১১ | |
| ০২ | | শুভাড্যা | ১ | ৩ | | |
| ০৩ | | শুভাড্যা | ২ | ২ | | |
| ০৪ | | শুভাড্যা | ৩ | ২ | | |
| ০৫ | | কোণ্ডা | ৩ | ১ | | |
| ০৬ | | কলাতিয়া | ২ | ১ | | |
| ০৭ | | তেঘরিয়া | ৩ | ১ | | |

| ক্রম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং (পুরাতন ওয়ার্ড) | শূন্য পদ | উপ-মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | নবাবগঞ্জ | শিকারীপাড়া | ৩ | ১ | ১৯ | |
| ০২ | | জয়কৃষ্ণপুর | ১ | ১ | | |
| ০৩ | | বারুয়াখালী | ১ | ১ | | |
| ০৪ | | বারুয়াখালী | ৩ | ১ | | |
| ০৫ | | নয়নশ্রী | ১ | ১ | | |
| ০৬ | | বান্দুরা | ১ | ১ | | |
| ০৭ | | বান্দুরা | ২ | ১ | | |
| ০৮ | | কলাকোপা | ৩ | ১ | | |
| ০৯ | | বক্সনগর | ২ | ১ | | |
| ১০ | | যন্ত্রাইল | ২ | ১ | | |
| ১১ | | শোল্লা | ৩ | ১ | | |
| ১২ | | কৈলাইল | ২ | ১ | | |
| ১৩ | | বাহ্রা | ২ | ১ | | |
| ১৪ | | বাহ্রা | ৩ | ১ | | |
| ১৫ | | আগলা | ২ | ১ | | |
| ১৬ | | আগলা | ৩ | ১ | | |
| ১৭ | | গালিমপুর | ১ | ১ | | |
| ১৮ | | চুড়াইন | ২ | ১ | | |
| ১৯ | | চুড়াইন | ৩ | ১ | | |
| | | সর্বমোট= | | | ৬৮ | |

(ডাঃ আবুল ফজল মোঃ সাহাবুদ্দিন খান)
সিভিল সার্জন, ঢাকা
ও সদস্য সচিব
১১-২০ গ্রেডের জনবল নিয়োগ কমিটি
ফোনঃ ৫৫১৫৫১১০

স্মারক নং- সিএস/ঢাকা/প্রশাসন/৩য় শ্রেণীর জনবল নিয়োগ/২০২৪/৫৩৫ তারিখঃ ১৮ ফেব্রুয়ারী ২০২৪ ইং

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: উপ-সচিব, প্রশাসন-১)
২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। মহাপরিচালক (গ্রেড-১), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২ (দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
৪। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২
৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ঢাকা বিভাগ, ঢাকা ও আহবায়ক, নিয়োগ কমিটি।
৬। জেলা প্রশাসক, ঢাকা। (উক্ত বিজ্ঞপ্তিটি আপনার প্রতিষ্ঠানের ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে প্রকাশের জন্য সবিনয় অনুরোধ করা হল)
৭। পরিচালক, এমআইএস ও লাইন ডাইরেক্টর, এইচআইএস এন্ড ই-হেলথ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২ (বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সবিনয় অনুরোধ করা হল)।
৮। উপ-সচিব (স্বাস্থ্য-৬ শাখা) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালযয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য সবিনয় অনুরোধ করা হল)।
১০। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোহার/নবাবগঞ্জ/কেরাণীগঞ্জ/সাভার/ধামরাই, ঢাকা। (উক্ত বিজ্ঞপ্তিটি আপনার প্রতিষ্ঠানের ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)।
১১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দোহার/নবাবগঞ্জ/কেরাণীগঞ্জ/সাভার/ধামরাই, ঢাকা। উক্ত বিজ্ঞপ্তিটি আপনার ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল।
১২। অফিস কপি।

(ডাঃ আবুল ফজল মোঃ সাহাবুদ্দিন খান)
সিভিল সার্জন, ঢাকা
ও সদস্য সচিব
১১-২০ গ্রেডের জনবল নিয়োগ কমিটি